1337 I 1107

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Admissible under Regn. Rules ...

মং ১,৫০,০০০.০০ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা

- : মূল্যের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল :-

কোবালা গ্রহিতা :- শ্রী যাদবেন্দ্র দত্ত , পিতা শ্রী সুরেশ চন্দ্র দত্ত ,

********** জাতি- হিন্দু , পেশা- ব্যবসা ,

সাকিন - ২৪ গ্রীন ল্যান্ড , মুকুন্দপুর , কলিকাতা- ৭০০০৯৯ ,

থানা- সোনারপুর, জেলা- দক্ষিন ২৪ পরগণা ।

**********************************************

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

॥ ২ ॥

কোবালা দাতা :- শ্রী শ্যামল মিত্র , পিতা মৃত সুরেশ চন্দ্র মিত্র ,

********** জাতি- হিন্দু , পেশা- চাকুরী, সাকিন - ৬৩।১ নম্বর গৌরী বাড়ী লেন , থানা- বড়তলা, কলকাতা- ৭০০০০৪ ॥

*******************************************

কস্য জমিদারী আইনের ৬ নং ধারার ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের কমবেশী ২ দুই কাঠা ৪ চার ছটাক ০৩ তিন বর্গফুট শালি জমি জমা

1000Rs.






যায় তদসংলগ্ন কমন রাস্তার সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা- দক্ষিন ২৪ পরগণা, থানা- সোনারপুর , সাব রেজিস্ট্রী অফিস এ , ডি, এস, আর সোনারপুর , পরগণা- খাসপুর , অত্র জেলা কালেকটারীর মহাল ১৫৯ নং তৌজি ভুক্ত খেয়াদহ অঞ্চল পঞ্চায়েত এলাকাধীন , রে : সা: নং ২৫ ও ১২ , জে : এল: নং ৪ , মৌজা- মুকুন্দপুর গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের

500Rs.






৫০ নং খতিয়ান হইতে খণ্ড জমিদারী গ্রহন আইনের ৬ নং ধারা অনুসারে ১০৩ নং খতিয়ানের সমগ্র জমি যাহা যতীন্দ্র নাথ মণ্ডল মহাশয়ের নামে খাস আমল রেকর্ড ভুক্ত হইয়া ফাইনালী পাবলিশ্‌ট হয় । অতঃপর যতীন্দ্র নাথ মণ্ডল মহাশয় তাঁহার সমগ্র সম্পত্তির বার্ষিক খাজনাদি সরকার বাহাদুরের সেরেস্তায় আদায় দিয়া খাস ভোগদখল করিতে থাকাবস্থায় জীবিতকালীন বিগত ইংরাজী ১৯৬৩ সালে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৪৪ নং ভলুমের ২৫৬ হইতে ২৬০ নং পাতায় লিখিত ১৯৬৩ সালের ১২৮৩ নং একরারা সেটেলমেন্ট

10 Rs.






দলিল বলে তাঁহার সমগ্র সম্পত্তি ব্যবস্থা করিয়া দেন। উক্ত সেটেলমেন্ট দলিলে ব্যবস্থাকৃত নিম্ন তপশীল বর্ণিত ১০৩ নং খতিয়ানে লিখিত ১৭ নং দাগের কমবেশী ৪ কাঠা ৫ ছটাক ৪০ বর্গফুট জমি সহ আরও অন্যান্য সম্পত্তি তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্রদ্বয় ১। শ্রী শৈলেন্দ্র নাথ মণ্ডল, ২। শ্রী বিশ্বেশ্বর মণ্ডল, উভয়ের সাং চালুয়া, থানা- সোনারপুর, জেলা- ২৪ পরগণা মহাশয় দ্বয় প্রাপ্ত হইবে।

॥ ৬ ॥

অতঃপর উক্ত যতীন্দ্র নাথ মণ্ডল মহাশয় পরলোক গমন করিলে পর, তাঁহার পুত্রদ্বয় শ্রী শৈলেন্দ্র নাথ মন্ডল ও শ্রী বিশ্বেশ্বর মণ্ডল উভয়ে সেটেলমেন্টকৃত উক্ত ৪ কাঠা ৫ ছটাক ৪০ বর্গফুট জমি সহ আরও অন্যান্য সম্পত্তির দখল গ্রহন করতঃ অন্যের বিনা স্বত্ত্ব সত্ত্বে নির্বিঘ্নে ভোগদখল করিতে থাকাবস্থায় স্বীয় কারনে নগদ টাকার আবশ্যকে নিম্ন তপশীল বর্ণিত উক্ত ৪ কাঠা ৫ ছটাক ৪০ বর্গফুট জমি জমা বিক্রয়ের ঘোষনা করিলে পর, আমি অত্র কোবালা দাতা তাহা অবগত হইয়া বিগত ইংরাজী ৮ই জুন ১৯৯৪ তারিখে সাকাম আলিপুর ডিষ্ট্রিকট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৮০ নং ভল্যুমের ৪৮২ হইতে ৪৮৮ নং পাতায় লিখিত ১৯৯৪ সালের ৪২৫৩ নং সাফ কোবালা দলিল মূলে (৩০ নং প্লটের ২ কাঠা ৪ ছটাক ০৩ বর্গফুট ও ৩ নং প্লটের ২ কাঠা ১ ছটাক ৩৭ বর্গফুট) উক্ত ৪ কাঠা ৫ ছটাক ৪০ বর্গফুট জমির উচিৎ মূল্য ১। শ্রী শৈলেন্দ্র নাথ মন্ডল ও শ্রী বিশ্বেশ্বর মন্ডল দুয়কে আদায় দিয়া আমার নাম বরাবর খরিদ করিয়া লই। আমি দলিল দাতা আমার খরিদা জমির খাস দখল গ্রহন করতঃ এযাবৎকাল খাসে ভোগদখল করিয়া আসিতেছি।

এক্ষনে আমার স্বীয় কারনে নগদ টাকার আবশ্যকে আমার খরিদা উক্ত ৪ কাঠা ৫ ছটাক ৪০ বর্গফুট জমি হইতে ৩০ নং প্লটের কমবেশী ২ কাঠা ৪ ছটাক ০৩ বর্গফুট

আমার নিকট প্রস্তাব করিলে, আমি দলিল দাতা আপনার প্রস্তাবিত উক্ত মূল্যে বিক্রয় করিতে রাজী থাকিয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পণমূল্যের সমুদয় ১,৫০,০০০্ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা নিম্ন অয়মত গ্রহন করিয়া অত্র কোবালা দলিল আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে -

অত্র বিক্রীত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে এযাবৎকাল আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, দাবী দাওয়া হক হকিয়ৎ ইত্যাদি ছিল তাহা অদ্য হইতে আপনার প্রতি বর্তিল। আপনি আমার যাবতীয় স্বত্ব স্বত্ববান ও দখলে মালিক দখলীকার হইয়া মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগণা কালেকটর বাহাদুর সেরেস্তায় আপনার নাম পত্তন করতঃ খাজনাদি আদায়ে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্বপ্রকার হস্তান্তর রূপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে যেন আমার মালিক স্বরূপে পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ এক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি মায় ওয়ারিশানগণ এক্ষে কেহ কস্মিন কালেও কোন প্রকার দাবী দাওয়া করিতে পারিবনা, করিলেও তাহা অত্র কোবালা বলে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট দান বিক্রয় বন্ধকাদির দারা হস্তান্তর করি নাই। উহা কোন মামলা মোকর্দ্দমার

রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই বা ঐমর্মে আমি কোন প্রকার নোটিশাদি পাই নাই। উহা দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে। সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনার নিকট বিক্রয় করিয়া চিরকালের জন্য নিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হইলাম এবং অদ্যই আপনাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

প্রকাশ থাকে যে, আমার উপরি বর্ণিত উক্তি সমূহের মধ্যে কোন উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রমানিত হয় ও আপনি অত্র খরিদা সম্পত্তি হইতে বে-দখল হয়েন তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতিপূরন দিতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র কাবালা দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে আপনার তলবমত আপনার খরচায় উহার সংশোধন দলিল সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, স্বেচ্ছায়, সুজ্ঞানে অত্র কাবালা দলিল খানি আপনার নাম বরাবর লিখাইয়া তাহা পাঠ করতঃ মর্ম্ম সকল অবগত হইয়া ও পণমূল্যের সমূদয় টাকা নিম্ন জায়মত গ্রহন করিয়া অত্র কাবালা দলিল সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী ২০০২ সালের ৪ঠা মার্চ মোতাবেক বাংলা

॥ ১ ॥

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

**********************


জেলা- দক্ষিন ২৪ পরগণা, থানা- সোনারপুর, সাব রেজিষ্ট্রী অফিস এ, ডি, এস, আর সোনারপুর, পরগণা- খাসপুর, অত্র জেলা কালেকটারীর ১৫১ নং তৌজি ভুক্ত, খেয়াদহ অঞ্চল পঞ্চায়েত এলাকাধীন, রে: সা: নং ২৫ ও ১২, জে : এল : নং ৪, মৌজা- মুকুন্দপুর গ্রামে রায়ত দখলী স্বত্বের ৫৩ নং খতিয়ান হইতে খন্ড জমিদারী গ্রহন আইনের ৬ নং ধারা অনুসারে ১০৩ নং খতিয়ান ভুক্ত ১৭ সতের নং দাগের কমবেশী ২ দুই কাঠা ৪ চার ছটাক ০৩ তিন বর্গফুট শালি জমি যায় তদসংলগ্ন রাস্তায় যানবাহনাদি সহ চলাচল, ইলেকট্রিক ও টেলিফোন লাইন, জল কলের লাইন ইত্যাদির সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি যাহা অত্র সাথ সম্বলিত প্লানে লাল রং এর রেখার দ্বারা বেষ্ঠিত করিয়া " ৩০ " নং প্লট দেখানো হইল, উক্ত সম্পত্তি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্র নক্সা দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র গণ্য ও বিবেচিত হইবে। উহার ধারাধারী বার্ষিক খাজনা ৬০ পয়সা মাত্র মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটর সেরেস্তায় আদায় দিতে হয়।

উহার চৌহদ্দি :-

উত্তরে :- প্লট নং ৩১ ।

দক্ষিনে :- প্লট নং ২৯ ।

SITE PLAN OF PART OF DAG NO. 17. OF MOUZA:- MUKUNDAPUR. J. L. NO. 4. KHATIAN NO. 103., PLOT NO. 30.
P.S. SONARPUR. DIST. SOUTH 24 PARGANAS.
SCALE:- 1" INCH = 50'-0"
LAND AREA:- PLOT NO. 30 = 2K-4CH-3SFT. IS SHOWN IN RED LINES




3

শ্রী সনৎ কুমার সানা,

P.O. Kalikapur.
Kolkata — 99.

॥ ১০ ॥

টাকার জমা :-
****************

1/ Central Bank of India, R.N.M. Rd. Cal-1
D.D No " 007305 . . . . . . . Rs ১,২৫,০০০

২। অন্য ব্যাঙ্ক নোট ও নগদে প্রাপ্ত . . . . 25,000

১, ৫০,০০০

মো: এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র।

Sujata Banerjee

সনাক্তকারক :-

Hara Prasad Banerjee
HARA PRASAD BANERJEE
DEED WRITER ALIPORE
L. NO. 64/6

সাক্ষি :-
******************************

১। দিব্যেন্দু চক্রবর্তী
অ্যাডভোকেট পুলিশ কোর্ট
ঠিকানা: ৩৫০ এ লাকুলিয়া রোড
কলি: ২৯

২। Nityananda Chakraborty
37 A Greenland Mukherjee
P.O. Kalikapur
Kolkata — 99.

টাইপকারক :-
শ্রীঅসিত কুমার মান্না
শ্রী সনৎ কুমার মান্না,